

া সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ২৭

১/ পবিত্ৰতা অৰ্জন (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ১৫. গোসলখানায় পেশাব করা

باب فِي الْبَوْلِ فِي الْمُسْتَحَمّ

আরবী

حَدَّثَنَا أَحْمَدُ بْنُ مُحَمَّدِ بْنِ حَنْبَلِ، وَالْحَسَنُ بْنُ عَلِيّ، قَالَا: حَدَّثَنَا عَبْدُ الرَّزَّاقِ، قَالَ أَحْمَدُ حَدَّثَنَا مَعْمَرُ، أَخْبَرَنِي أَشْعَتُ، وَقَالَ الْحَسَنُ: عَنْ أَشْعَتُ بْنِ عَبْدِ اللهِ، عَنِ الْحَسَنِ عَنْ عَنْ عَبْدِ اللهِ بْنِ مُغَفَّلٍ، قَالَ: قَالَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم " لَا يَبُولَنَّ أَحَدُكُمْ فِي مُسْتَحَمِّهِ ثُمَّ يَغْتَسِلُ فِيهِ " .

صحيح

قَالَ أَحْمَدُ " ثُمَّ يَتَوَضَّأُ فِيهِ فَإِنَّ عَامَّةَ الْوَسْوَاسِ مِنْهُ ".

ضعيف

বাংলা

২৭। 'আব্দুল্লাহ ইবনু মুগাফফাল (রাঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ তোমাদের কেউ যেন গোসলখানায় পেশাব না করে। অথচ সেখানেই সে গোসল করে থাকে।[1]

সহীহ।

আহমাদের বর্ণনায় রয়েছে, অথচ সেখানেই সে অযু করে থাকে। কারণ মনের অধিকাংশ সংশয় এ থেকেই সৃষ্টি হয়।

দুর্বল।

English



Narrated Abdullah ibn Mughaffal:

The Messenger of Allah (ﷺ) said: No one of you should make water in his bath and then wash himself there (after urination).

The version of Ahmad has: Then performs ablution there, for evil thoughts come from it.

ফুটনোট

[1] তিরমিয়া (অধ্যায়ঃ পবিত্রতা, অনুঃ গোসলখানায় পেশাব করা অপছন্দনীয়, হাঃ ২১), ইমাম তিরমিয়া বলেন, এ হাদীসটি গরীব, আমরা এটি কেবল আশ'আস 'আব্দুল্লাহর হাদীস থেকেই মারফূ হিসেবে জেনেছি), নাসায়ী (অধ্যায়ঃ পবিত্রতা, অনুঃ গোসলখানায় পেশাব করা অপছন্দনীয়, হাঃ ৩৬), ইবনু মাজাহ (অধ্যায়ঃ পবিত্রতা, অনুঃ গোসলখানায় পেশাব করা অপছন্দনীয়, হাঃ ৩০৪), আহমাদ (৫/৫৬)।

হাদিসের মান: সহিহ/যঈফ [মিশ্রিত] পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু মুগাফফাল (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন